সংবাদ

তারিখ 18 JUN 2017
পৃষ্ঠা ৪ কলাম ৫

# 'শিক্ষার উন্নয়নে ঢাকায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষদের শিক্ষা-সমাবেশ করা হচ্ছে' : ড. হারুন-অর-রশিদ

১৭ জুন ২০১৭ তারিখ সকাল ১০টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে সিনেট হলে বিশ্ববিদ্যালয়ের ১৯তম বার্ষিক সিনেট অধিবেশন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সিনেটের চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদ। অধিবেশনে তিনি তাঁর অভিভাষণে সেশনজট নিরসনের ক্ষেত্রে সর্বশেষ অগ্রগতি, সম্প্রতি যেসব কার্যসম্পন্ন হয়েছে যেমন প্রথম সমাবর্তন অনুষ্ঠান, ৫০ বছর অগ্রবর্তী মাস্টার প্লান প্রণয়ন, এডভান্সড মাস্টার্স প্রোগ্রাম সম্প্রসারণ, একাডেমিক ভবনে 'স্বাধীনতা' ম্যুরাল স্থাপন ইত্যাদি চলমান কার্যক্রম যেমন কলেজ পারফরমেন্স র‍্যাংকিং, সিইডিপি প্রকল্পের আওতায় কলেজ শিক্ষক প্রশিক্ষণ, স্থায়ী আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠা, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা যেমন মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট পুনরায় চালু, মডেল কলেজ প্রতিষ্ঠা, মাস্টার প্লান বাস্তবায়ন, মোবাইল অ্যাপসসহ প্রযুক্তিগত সুবিধা সৃষ্টি, পাঠ্যপুস্তক রচনা প্রকল্প, ২১ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের রজতজয়ন্তী উদযাপন, ট্যুরিজম ও হসপিটালিটি বিষয়ে কক্সবাজারে শিক্ষক-শিক্ষার্থীদের ওয়ার্কশপ আয়োজন ইত্যাদি বিষয় তুলে ধরেন। অতঃপর তিনি ঘোষণা দেন, 'চলতি বছরে ২ হাজার ২শ কলেজ অধ্যক্ষদের নিয়ে শিক্ষার উন্নয়ন বিষয়ে ঢাকায় শিক্ষা সমাবেশ আয়োজন করা হবে'।

সিনেটের অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ ২০১৬-১৭ অর্থবছরের জন্য ২৮৯ কোটি ৪০ লক্ষ ২০ হাজার টাকার সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থবছরের জন্য ২৭৪ কোটি ৫২ লক্ষ ৯৬ হাজার টাকার রাজস্ব ও ১৪৮ কোটি ২৫ লক্ষ টাকার উন্নয়ন বাজেট পেশ করেন, যা সিনেট কর্তৃক গৃহীত হয়।

অন্যান্যের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, প্রফেসর ড. মশিউর রহমানসহ অধিবেশনে মোট ৫১ জন সদস্য উপস্থিত ছিলেন। এদের মধ্যে হুইপ মো. শহীদুজ্জামান সরকার এমপি, ধীরেন্দ্র দেবনাথ শম্ভু এমপি, মো. মোতাহার হোসেন এমপি, বেগম হেপী বড়াল এমপি, প্রফেসর ড. শরীফ এনামুল কবির, অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সিরাজ উদ্দীন আহমেদ, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যাপক মাহবুবুর রহমান, বিভাগীয় কমিশনার (ময়মনসিংহ), হেলালুদ্দীন আহমদ (ঢাকা বিভাগীয় কমিশনার), মহিউদ্দিন খান (অতিরিক্ত সচিব), ড. ওয়াহিদুজ্জামান, অধ্যাপক ড. আনোয়ার হোসেন, চেয়ারম্যান (সিলেট শিক্ষা বোর্ড) প্রমুখ বক্তব্য রাখেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে বক্তব্য রাখেন উপাচার্য ও সিনেটের চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদ -সংবাদ